



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক(ট্রাফিক) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং- ০২/২০২০


তারিখ - ০৩/০২/২০২০ইং।

বিজ্ঞপ্তি

বিষয়ঃ- চট্টগ্রাম বন্দরে আমদানীকৃত এফসিএল কন্টেইনারসমূহ বন্দর অভ্যন্তর হতে দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

এতদ্বারা সকল আমদানীকারক, সিএন্ডএফ এজেন্ট ও সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানীকারক/সিএন্ডএফ এজেন্ট কর্তৃক বন্দর হতে দৈনিক কন্টেইনার ডেলিভারীর ক্ষেত্রে ধীরগতির কারণে বন্দরের অভ্যন্তরে কন্টেইনারের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। বন্দরের স্বাভাবিক অপারেশনাল কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখার জন্য অনতিবিলম্বে বন্দরে স্থিত আমদানীকৃত এফসিএল কন্টেইনারসমূহ বন্দর অভ্যন্তর হতে দ্রুত ডেলিভারী / সরিয়ে নেওয়ার জন্য এতদ্বারা সকলকে অনুরোধ করা যাচ্ছে। এ বিষয়ে চট্টগ্রাম বন্দর ও কাস্টমস কর্তৃপক্ষ ২৪x৭ ভিত্তিতে সার্বক্ষণিক প্রস্তুত রয়েছে। উল্লেখ্য, এ বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে আগামী এক সপ্তাহ (সাত দিন) পর্যবেক্ষণ করে অবস্থার উন্নতি না হলে এফসিএল (আমদানীকৃত) কন্টেইনারের স্টোরেন্ট শুরু হওয়ার দিন অর্থাৎ ০৪ (চার) দিন ফ্রি টাইমের পর থেকে **Regulations for Working of Chittagong Port (Cargo & Container), 2001** এর ১৬০ ধারার আলোকে আমদানীকৃত এফসিএল কন্টেইনার এর স্বাভাবিক ভাড়ার উপর বর্ধিত হারে রেন্ট আরোপে কর্তৃপক্ষ বাধ্য হবে।

ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।


পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ